

AUG 22 2002

তারিখঃ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০
পৃষ্ঠা ২ স্তম ১

**ঢাকা কলেজের অধ্যক্ষকে
বদলির প্রতিবাদে
ছাত্রদের ভাঙচুর**

কাগজ প্রতিবেদক : ঢাকা কলেজের অধ্যক্ষ কবিরউদ্দিন আহমেদকে বদলি করার প্রতিবাদে গতকাল বুধবার কলেজের বিক্ষুব্ধ ছাত্ররা ব্যাপক ভাঙচুর করেছে।

গতকাল সকালে সাধারণ ছাত্ররা কলেজে গিয়ে জানতে পারে অধ্যক্ষ কবিরউদ্দিন আহমেদকে বদলি করে তার স্থলে শফিউর রহমান নামে একজনকে অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। হঠাৎ করে কলেজ অধ্যক্ষকে বদলির ঘটনায় সাধারণ ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে ওঠে এবং মিছিল বের করে। তারা এই বদলির আদেশ প্রত্যাহারের দাবি জানায়। এক পর্যায়ে ছাত্ররা কলেজের দরজা-জানালায় ব্যাপক ভাঙচুর করে। এ অবস্থায় কলেজের নতুন অধ্যক্ষ বেশ বিব্রতকর অবস্থার মধ্যে পড়েন। পরে কলেজের অন্য শিক্ষকরা এসে বিক্ষুব্ধ ছাত্রদের বুঝিয়ে শান্ত করেন। গতকাল এই ঘটনার কারণে নিয়মিত ক্লাস অনুষ্ঠিত হয়নি।